# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

**স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন কার্যক্রমের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট**

রিপোর্ট নম্বর ১৭/২০২২

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

**স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন কার্যক্রমের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট**

রিপোর্ট নম্বর ১৭/২০২২

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১. | মুখবন্ধ | V |
| | অধ্যায়-১ | |
| ২. | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ২-৪ |
| ৩. | নির্বাহী সারসংক্ষেপ | ৫ |
| ৪. | শব্দ সংক্ষেপ | ৬ |
| | অধ্যায়-২ | |
| ৫. | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ৮ |
| ৬. | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ৯-২৩ |
| | দ্বিতীয় অংশ | |
| ৭. | পরিশিষ্টসমূহ | ২৪-৫৪ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদে ১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত ।

২। স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ০৯টি নির্বাহী প্রকৌশলী এবং ০৭টি প্রকল্প পরিচালকের কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ১৩টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রধানসহ স্থানীয় সরকার বিভাগ এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ বঙ্গাব্দ
৭/২/২০২৩ খ্রিস্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্যঃ** এই রিপোর্ট স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ**

**১। প্রতিষ্ঠান পরিচিতিঃ**

দেশের আর্থসামাজিক উন্নয়নের উদ্দেশ্য নিয়ে গত শতাব্দির ষাটের দশকে পল্লী পূর্ত কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর যাত্রা শুরু। পরবর্তীতে সত্তরের দশকে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের আওতায় এ কর্মসূচী বাস্তবায়নের জন্য একটি সেল গঠন করা হয়, যা ১৯৮২ সালে উন্নয়ন বাজেটের আওতায় ওয়ার্কস প্রোগ্রাম উইং- এ রূপান্তরিত হয়। ১৯৮৪ সালের অক্টোবরে ওয়ার্কস প্রোগ্রাম উইং রাজস্ব বাজেটের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল ব্যুরো (এলজিইবি) রূপে পুনর্গঠিত হয়। ১৯৯২ সালের আগস্ট মাসে এলজিইবিকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) নামকরণ করে সরকারের একটি পূর্নাঙ্গ অধিদপ্তর হিসেবে উন্নীত করা হয়।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দেশব্যাপী পল্লী অবকাঠামো উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ সরকারি সংস্থা। এলজিইডি স্থানীয় অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থা প্রসারের মাধ্যমে দেশে কৃষি ও অকৃষি খাতে উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, আর্থসামাজিক উন্নয়ন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিচালন ব্যবস্থার উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসসহ পল্লী ও নগর উন্নয়নে শক্তিশালী ভিত নিশ্চিত করছে। বাংলাদেশে গ্রামীণ যোগাযোগ নেটওয়ার্ক ও অবকাঠামো উন্নয়নের রূপকার এলজিইডি।

## ২। প্রতিষ্ঠানের অর্গানোগ্রামঃ

| ক্র: নং | পদনাম | মঞ্জুরীকৃত পদসংখ্যা |
|---|---|---|
| ১ | প্রধান প্রকৌশলী | ১ |
| ২ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ১৫ |
| ৩ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ৩৪ |
| ৪ | সিনিয়র স্থপতি | ১ |
| ৫ | সিনিয়র সিস্টেম এনালিষ্ট | ১ |
| ৬ | সহকারী প্রধান প্রকৌশলী | ১ |
| ৭ | নির্বাহী প্রকৌশলী (পুরঃ) | ১৬০ |
| ৮ | সিনিয়র সহকারী প্রকৌশলী | ৭৬ |
| ৯ | উপজেলা প্রকৌশলী | ৪৯১ |
| ১০ | অন্যান্য কর্মকর্তার পদ | ২৫ |

## ৩। প্রতিষ্ঠানের কার্যাবলীঃ

- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সড়ক নির্মাণ /পুনঃ নির্মাণ;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সেতু/ কালভার্ট নির্মাণ / পুনঃ নির্মাণ;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে গ্রোথ সেন্টার/হাটবাজার  নির্মাণ;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ইউপি/উপজেলা কমপ্লেক্স নির্মাণ ও সম্প্রসারণ;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে পানি সম্পদ উপ-প্রকল্প বাস্তবায়ন;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সাইক্লোন শেল্টার নির্মাণ /পুন:নির্মাণ;

## ৪। প্রতিষ্ঠানের Key Performance Indicator

- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে নির্মিত ও রক্ষণাবেক্ষনকৃত সড়ক;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে  নির্মিত সেতু/কালভার্ট ;
- গ্রামীণ হাট-বাজার, অবকাঠামো ও গ্রোথ সেন্টার;
- নির্মিত ইউপি/উপজেলা কমপ্লেক্স;

**৫। প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণঃ**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট (সংশোধিত) | প্রকৃত ব্যয় | অব্যয়িত (%) |
| --- | --- | --- | --- |
| ০৯টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (বরিশাল, পটুয়াখালী, টাঙ্গাইল, পিরোজপুর, ভোলা, ময়মনসিংহ, সুনামগঞ্জ, গাজীপুর ও লালমনিরহাট) এবং ০৭টি প্রকল্প (বন্যা ও দুর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক এর অবকাঠামো পুনবার্সন, দেশের দক্ষিণাঞ্চলের আয়রন ব্রিজ পুনঃনির্মাণ, গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন (বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর), বৃহত্তর কুমিল্লা জেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বৃহত্তর চট্রগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় ও গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়, আগারগাঁও, ঢাকা এর গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন সংক্রান্ত বাজেট ও ব্যয়। | ১৬১৩,৪৮,২০ | ১৩৪৪,৫৬,৮৩ | ২৬৮৯১৩৭ (১৭%) |

**অডিটের আইনগত ভিত্তিঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধিঃ**

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়সমূহ ও প্রকল্পগুলো হতে নির্বাচিত কার্যালয়সমূহ এবং প্রকল্পের মাধ্যমে সম্পাদিত গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন সংক্রান্ত ব্যয় এ নিরীক্ষার আওতাভুক্ত ছিল।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য**

**১। অডিটের বিষয়বস্তুঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের উপর কমপ্লায়েন্স অডিট।

**২। অডিট কৌশল:**

- এনটিটির লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যাবলী সর্ম্পকে ধারণা;
- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;
- গুরুত্বপূর্ণ বিষয়/ ম্যাটেরিয়েলিটি নির্ধারণ;
- ঝুঁকি নিরূপণ ও মূল্যায়ন;
- নিরীক্ষা প্রক্রিয়ার পরিকল্পনা প্রণয়ন;
- নিরীক্ষার সময়কাল এবং অন্যান্য বিষয়াদির উপর ভিত্তি করে সার্বিক নিরীক্ষা কৌশল নিরীক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্ত করণ।

**অডিট সময়কালঃ** ১২/১১/২০২০ খ্রিঃ হতে ২৮/০২/২০২১ খ্রিঃ।

# নির্বাহী সারসংক্ষেপ

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ০৯টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (বরিশাল, পটুয়াখালী, টাঙ্গাইল, পিরোজপুর, ভোলা, ময়মনসিংহ, সুনামগঞ্জ, গাজীপুর ও লালমনিরহাট) এবং ০৭টি প্রকল্প (বন্যা ও দুর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক এর অবকাঠামো পুনবার্সন, দেশের দক্ষিণাঞ্চলের আয়রন ব্রিজ পুনঃনির্মাণ, গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন (বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর), বৃহত্তর কুমিল্লা জেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় ও গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়, আগারগাঁও, ঢাকা এর গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে ব্যয় এবং সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট চলাকালে কোন অডিট অনুচ্ছেদ নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবের প্রেক্ষিতে নিষ্পন্ন করা হয়নি। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ১৩টি অডিট অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে জড়িত টাকার অঙ্ক ৩৪,৩৪,৩০,২৬০ (চৌত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ ত্রিশ হাজার দুইশত ষাট টাকা) যা মোট বরাদ্দের ০.২৩ শতাংশ। এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপঃ

- বিদ্যমান দৈর্ঘ্যের অতিরিক্ত রাস্তার অংশ কাজ সম্পাদন;
- সম্পূর্ণ ভালো সড়ককে পুনরায় মেরামত কর্মসূচির আওতায় মেরামত করা;
- ডিপিপি সংশোধনের পূর্বেই ডিপিপি মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে স্কিম অনুমোদন করা;
- তামাদি এড়ানোর উদ্দেশ্যে অধিক জামানত কর্তন ও পরবর্তীতে পরিশোধ;
- ডিজাইন এবং কারিগরী প্রতিবেদন লঙ্ঘন করে ৪০ মিঃমিঃ এর পরিবর্তে ৫০ মিঃমিঃ ডেন্স কার্পেটিং দেখানো;
- একই রাস্তার কাজ চলমান থাকা অবস্থায় পুনরায় পুনর্বাসনের কাজ করা;
- ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান;
- পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ইত্যাদি বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| AIR | Audit Inspection Report |
| BC | Bituminous Carpeting |
| BOQ | Bill of Quantity |
| DPP | Development Project Proposal |
| e-GP | Electronic- Government Procurement |
| HOPE | Head of Procuring Entity |
| IRI | International Roughnes Index |
| ITT | Instructions to Tenderer |
| LGED | Local Government Engineering Department |
| MB | Measurment Book |
| NOA | Notification of Award |
| PPR | Public Procurement Rules |
| PPA | Public Procurement Act |
| PS | Performance Security |
| RFP | Request for Proposal |
| RCC | Reinforce Cement Concrete |
| SFI | Serious Financial Irregularity |
| OSTETM | One Stage Two Envelop Tender Method |
| TDS | Tender Data Sheet |
| TOS | Tender opening Sheet |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১. | সড়কের বিদ্যমান দৈর্ঘ্যের অতিরিক্ত দৈর্ঘ্যে কার্য সম্পাদনের নামে সরকারের আর্থিক ক্ষতি। | ৪,০৯,৪১,২১৩ |
| ২. | ডেন্স কার্পেটিং দ্বারা মেরামতকৃত রাস্তা একই সময়ে উন্নয়নের নামে সরকারের আর্থিক ক্ষতি। | ৪০,২০,৮৭১ |
| ৩. | একই প্রকল্পের আওতায় মেরামতকৃত রাস্তায় পুনরায় উন্নয়নের নামে সরকারের ক্ষতি। | ৪১,৮৩,৮৮৫ |
| ৪. | জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এলকেএসএস এর গ্রস বিলের উপর আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি । | ৯৪,৩১,৯২৭ |
| ৫. | অস্তিত্ববিহীন সড়ক নির্মাণ দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি । | ৫,১৪,৮৩,৩০৮ |
| ৬. | আরডিপিপি বহির্ভূত পৌর সড়ক মেরামত ও উন্নয়ন কাজের চুক্তি সম্পাদনপূর্বক অনিয়মিতভাবে অর্থ পরিশোধ। | ১,৭১,৪৯,৭৭০ |
| ৭. | একই সড়কের একই চেইনেজে দুটি প্রকল্পের মাধ্যমে উন্নয়ন কার্য সম্পাদন দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি । | ১,৪০,১৩,৪২২ |
| ৮. | আরডিপিপির প্রভিশনের অতিরিক্ত কার্য সম্পাদন ও অর্থ পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি । | ১১,৪৯,৬৮,৫৭৮ |
| ৯. | ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি । | ৫০,৪১,৯৭৫ |
| ১০. | তামাদি এড়ানোর উদ্দেশ্যে অতিরিক্ত রিটেনশনমানি কর্তনপূর্বক পরবর্তী অর্থবছরে অনিয়মিতভাবে পরিশোধ । | ২,০০,০০,০০০ |
| ১১. | বিটুমিনাস কার্পেটিং রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে প্রাক্কলন প্রস্তুত, অনুমোদন এবং বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি । | ১,৬১,৬৯,২৭৪ |
| ১২. | কাজ সম্পাদন ব্যতীত কালভার্ট ও ব্রিজ এর সংযোগ সড়ক মেরামতের নামে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৯৩,৪৮,০৭৭ |
| ১৩. | পরিকল্পনা কমিশনের রোড ডিজাইন ষ্ট্যান্ডার্ড উপেক্ষা করে ২৫ মিঃমিঃ বিটুমিনাস কার্পেটিং এর পরিবর্তে ৪০ মিঃমিঃ বিটুমিনাস কার্পেটিং এর কাজ সম্পাদনে সরকারের আর্থিক ক্ষতি। | ৬৬,৭৭,৯৬০ |
| | **সর্বমোট** | **৩৪,৩৪,৩০,২৬০** |

**(কথায়: চৌত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ ত্রিশ হাজার দুইশত ষাট টাকা)**

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

**অনুচ্ছেদ নং-১**

**শিরোনাম : সড়কের বিদ্যমান দৈর্ঘ্যের অতিরিক্ত দৈর্ঘ্যে কার্য সম্পাদনের নামে সরকারের আর্থিক ক্ষতি ৪,০৯,৪১,২১৩/- (চার কোটি নয় লক্ষ একচল্লিশ হাজার দুইশত তেরো) টাকা ।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী ও টাঙ্গাইল জেলা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে সড়কের বিদ্যমান দৈর্ঘ্যের অতিরিক্ত দৈর্ঘ্যে কার্য সম্পাদনের নামে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে ৪,০৯,৪১,২১৩/- টাকা ।

বিস্তারিত নিরীক্ষাকালে এলজিইউ পটুয়াখালী জেলায় ১১টি এবং এলজিইডি টাঙ্গাইল জেলায় ৪টি মোট ১৫টি স্কিমের অনুমোদিত প্রাক্কলন, চুক্তিপত্র, বিল ভাউচার এবং Road Structure Database Management System এর প্রকাশিত RSDMS viii, রোড ইনভেনটরি এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত রোড ডাটাবেজ পর্যালোচনায় দেখা যায় যে, ১৫টি রাস্তার মোট ৬০,৪৪০ মিটার দৈর্ঘ্যের উন্নয়ন/মেরামত কাজ বাস্তবায়নের জন্য ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনপূর্বক মোট ৮,৯৫,৪৩,০৪৮/- টাকা পরিশোধ করা হয়। কিন্তু উল্লিখিত ১৫টি স্কিমের ক্ষেত্রে Road Structure Database Management System এর প্রকাশিত RSDMS viii, রোড ইনভেনটরি এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত রোড ডাটাবেজ অনুযায়ী উল্লিখিত ১৫টি সড়কের মোট দৈর্ঘ্য ৫৪,৩৩০ মিটার।

ফলে মোট দৈর্ঘ্য অপেক্ষা অতিরিক্ত (৬০,৪৪০-৫৪,৩৩০)= ৬,১১০ মিটার দৈর্ঘ্যে উন্নয়ন এর কাজ সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলন অনুমোদন ও চুক্তিপত্র সম্পাদনপূর্বক অর্থ পরিশোধ করায় দুটি জেলায় সরকারের মোট (৩,০৪,৬৭,৭৮৬+ ১,০৪,৭৩,৪২৭)= ৪,০৯,৪১,২১৩/- টাকা ক্ষতি করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট ১(১-২)]**।

**অনিয়মের কারণ :** সড়কের বিদ্যমান দৈর্ঘ্যের অতিরিক্ত দৈর্ঘ্যে কার্য সম্পাদন দেখিয়ে সরকারি অর্থের ক্ষতি করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী কার্যালয় জানায় যে, হালনাগাদ রোড ইনভেনটরি এর সাথে সম্পাদিত কাজের দৈর্ঘ্যের মিল রয়েছে। এখানে কোন অতিরিক্ত দৈর্ঘ্যের বিলের দাবি ও পরিশোধ করা হয়নি। **টাঙ্গাইল** কার্যালয় জানায় যে, প্রাক্কলন প্রস্তুতের সময় বাস্তবতা বিবেচনায় সড়কের দৈর্ঘ্য নির্ধারণ করা হয়,যা ইনভেনটরিতে বিদ্যমান দৈর্ঘ্যের চেয়ে বেশী ছিল। সেই অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব স্বীকৃতিমূলক হলেও আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, এক্ষেত্রে বিদ্যমান সড়কের দৈর্ঘ্যের চেয়ে অতিরিক্ত দৈর্ঘ্য নির্ধারণ করে ঠিকাদারকে আর্থিক সুবিধা প্রদানের মাধ্যমে সরকারের ৪,০৯,৪১,২১৩/- টাকা ক্ষতি করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** রোড ডাটাবেজ অনুযায়ী বিদ্যমান দৈর্ঘ্যের অতিরিক্ত দৈর্ঘ্যে সড়ক উন্নয়নের নামে ক্ষতিসাধনকৃত অর্থ দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-২**

**শিরোনাম : ডেন্স কার্পেটিং দ্বারা মেরামতকৃত রাস্তা একই সময়ে উন্নয়নের নামে সরকারের আর্থিক ক্ষতি ৪০,২০,৮৭১/- (চল্লিশ লক্ষ বিশ হাজার আটশত একাত্তর) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল জেলা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে ডেন্স কার্পেটিং দ্বারা মেরামতকৃত রাস্তা একই সময়ে উন্নয়নের নামে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে ৪০,২০,৮৭১/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে পরিশিষ্টে বর্ণিত ০২টি কাজের প্রাক্কলন, কার্যাদেশ, চুক্তিপত্র ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, প্যাকেজ নং-জিএমআরআইডিপি/টিএএনজি/মধু/ইউএনআর/২১২ এর আওতায় বৃহত্তর ময়মনসিংহ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলাধীন **(ক)** গাংগাইর-আলোকদিয়া সড়ক (চেই: ৩৮৮২-৫০০০ মি:) উন্নয়ন এবং **(খ)** মধুপুর উপজেলা হেডকোয়ার্টার-আলোকদিয়া ইউপিসি সড়ক (চেইনেজ: ৩৯২০ -৪৬২০ মি:) (রোড আইডি নং ৩৯৩৫৭৩০০৯) উন্নয়ন কাজে ২২-৪-২০১৯ খ্রি: তারিখে ৫৭,৪৪,১০০/- টাকায় (শুধুমাত্র খ অংশের জন্য) চুক্তি সম্পাদন করা হয়।

প্যাকেজ নং- জিএমআরআইডিপি/টিএএনজি/মধু/মেইন্ট/ইউএনআর/২০২ এর আওতায় বৃহত্তর ময়মনসিংহ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলাধীন মধুপুর হেডকোয়ার্টার হতে টাংরী-আলোকদিয়া ইউপিসি সড়ক (রোড আইডি নং ৩৯৩৫৭৩০০৯) প্রশস্থকরণসহ রাস্তার (চেই: ০০ হতে ৩০৪০ মিঃ এবং ৩৭৪০ হতে ৪৪১০ মি: রক্ষণাবেক্ষণ কাজের জন্য ১৬-৪-২০১৯ তারিখে চুক্তি সম্পাদন করা হয়। উক্ত কাজে ৩.০ মিটার প্রসস্থ সড়কের উভয় পার্শ্বে ০.৬০০ মিটার প্রস্থে এইচবিবি দ্বারা পার্শ্ব বর্ধিতকরণসহ আইটেম নং ৩.০৬.৪.২.০২ এর মাধ্যমে ০০ হতে ৩০৪০ মিঃ এবং ৩৭৪০ হতে ৪৪১০ মিটার চেইনেজে ৩.০০ মিটার প্রশস্থতায় ২৫ মি: মি: পুরুত্বে ডেন্স কার্পেটিং দ্বারা মেরামত কাজ করা হয়। অর্থাৎ একই সড়কের ৩৯২০ হতে ৪৪১০ মিটার চেইনেজে ৪৯০ মিটারে প্যাকেজ নং-২০২ এর মাধ্যমে মেরামতকৃত রাস্তায় ২ (দুই) বার কাজ সম্পাদন দেখিয়ে সরকারের [(৫৭৪৪০৯৯÷৭০০) ×৪৯০)]= ৪০,২০,৮৭১/- টাকা আর্থিক ক্ষতিসাধন করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট - ২]**।

**অনিয়মের কারণ :** মেরামতকৃত রাস্তা একই সময়ে উন্নয়ন দেখিয়ে সরকারি অর্থের ক্ষতি করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে জানানো হয় যে, একই প্রকল্পের আওতায় ডিপিপি'তে উন্নয়ন এবং মেরামত নির্ধারিত ছিল। উন্নয়ন এবং মেরামত কাজের মোট পরিমাণ মোট সড়কের দৈর্ঘ্যের সঙ্গে সামঞ্জস্য আছে। এক্ষেত্রে অনিচ্ছাকৃত চেইনেজ ভুল হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব স্বীকৃতিমূলক হলেও তা নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় প্যাকেজ নম্বর-২০২ এর মাধ্যমে ৩৭৪০-৪৪১০ মিটার চেইনেজে সড়ক রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনকৃত স্থানে একই সাথে প্যাকেজ নম্বর-২১২ এর মাধ্যমে ৩৯২০-৪৬২০ মিটার চেইনেজে উন্নয়ন কাজ সম্পাদন করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তিকৃত ক্ষতির অর্থ দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৩**

**শিরোনাম : একই প্রকল্পের আওতায় মেরামতকৃত রাস্তায় পুনরায় উন্নয়নের নামে সরকারের ক্ষতি ৪১,৮৩,৮৮৫/- (একচল্লিশ লক্ষ তিরাশি হাজার আটশত পঁচাশি) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল জেলা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে একই প্রকল্পের আওতায় মেরামতকৃত রাস্তায় পুনরায় উন্নয়নের নামে সরকারের ক্ষতি করা হয়েছে ৪১,৮৩,৮৮৫/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে পরিশিষ্টে বর্ণিত ০২টি স্কিমের প্রাক্কলন, কার্যাদেশ, টেন্ডার ডাটাসীট, চুক্তিপত্র ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, ময়মনসিংহ অঞ্চল পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন ইছাপুর আরএইচডি-সহদেবপুর ইউপি (পৌজান) ভায়া পাঠন্ড মসজিদ সড়কের ৩৭৫০ হতে ৪৪০০ মি: চেইনেজে উন্নয়নের জন্য ঠিকাদার মেসার্স শরীফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন এর সাথে ২০-০৮-২০১৮ তারিখে চুক্তি সম্পাদন করা হয় এবং ঠিকাদারকে ৪১,৮৩,৮৮৫/- টাকা পরিশোধ করা হয়। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরু এবং সমাপ্তির নির্ধারিত তারিখ ছিল যথাক্রমে ২৭-০৮-২০১৮ ও ২৬-০২-২০১৯ খ্রিঃ।

অপরদিকে উক্ত সড়ক রক্ষণাবেক্ষণের (০০-৪৭৮০মিটার) কাজ ঠিকাদার মেসার্স আর.এস এন্টারপ্রাইজ কর্তৃক ১৬-০৫-২০১৮ তারিখে শুরু করে ১-১১-২০১৮ তারিখে সম্পন্ন করা হয় এবং চুক্তি অনুযায়ী ঠিকাদারকে মোট ৭৪,৩৬,২৯৮/- টাকা পরিশোধ করা হয়। অর্থাৎ উক্ত সড়কের ৩৭৫০ হতে ৪৪৪০ মিটার চেইনেজে একই সাথে মেরামত কাজ ও উন্নয়ন কাজ সম্পাদন দেখানো হয়েছে। ফলে ২০-০৮-২০১৮ খ্রিঃ তারিখের চুক্তির মাধ্যমে সম্পূর্ন ভালো রাস্তার উন্নয়ন কাজ দেখিয়ে ঠিকাদারকে ৪১,৮৩,৮৮৫/- টাকা পরিশোধের নামে সরকারি অর্থের ক্ষতি করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট -৩**]।

**অনিয়মের কারণ :** মেরামতের মাধ্যমে সম্পূর্ন ভালো করা রাস্তায় একই সাথে উন্নয়ন দেখিয়ে সরকারি অর্থের ক্ষতিসাধন করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে জানানো হয় যে, প্রাক্কলন প্রস্তুতের সময় অনিচ্ছাকৃত চেইনেজে over lapping হয়েছে। প্রকৃতপক্ষে সম্পাদিত কাজের পরিমাণ অনুমোদিত প্রাক্কলন মোতাবেক সম্পূর্ণ ভিন্ন চেইনেজে বাস্তবায়ন করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, সংশ্লিষ্ট কাজের অনুমোদিত প্রাক্কলন, চুক্তিপত্র,কার্যাদেশ ও বিল ভাউচার পর্যালোচনা করেই আপত্তি উত্থাপন করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনকৃত স্থানে একই সাথে উন্নয়ন কাজ সম্পাদন দেখিয়ে সরকারি অর্থের ক্ষতি করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৪**

**শিরোনাম : জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এলকেএসএস এর গ্রস বিলের উপর আয়কর  কর্তন না করায় সরকারের মোট রাজস্ব ক্ষতি ৯৪,৩১,৯২৭/- ( চুরানব্বই লক্ষ একত্রিশ হাজার নয়শত সাতাশ) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন, প্রকল্প পরিচালক, বন্যা ও দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন প্রকল্প এবং দেশের দক্ষিণাঞ্চলের আয়রণ ব্রিজ পুনঃনির্মাণ/পুনর্বাসন প্রকল্প, আগারগাঁও, ঢাকা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এল,কে,এস,এস  এর গ্রস বিলের উপর আয়কর কর্তন না করায় সরকারের মোট রাজস্ব ক্ষতি হয়েছে ৯৪,৩১,৯২৭/- টাকা ।

বিস্তারিত নিরীক্ষাকালে উল্লিখিত ২টি প্রকল্পের জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এল,কে,এস,এস  এর সাথে সম্পাদিত চুক্তিপত্র, বিল-ভাউচার এবং সংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, এফ ডি আর প্রকল্প কর্তৃক জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে এল,কে,এস,এস  এর সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক বেতন ভাতার উপর আয়কর বাবদ ৭৫,৩৪,৯৫৭/- টাকা কর্তন করা হলেও উক্ত অর্থ প্রকল্প তহবিল হতে সরকারি খাতে জমা করা হয়েছে। অর্থাৎ এল,কে,এস,এস  হতে কর্তনকৃত আয়কর সরকারি খাতে প্রকৃতপক্ষে জমা করা হয়নি।

আয়কর পরিপত্র ২০১৬-১৭ এর বিধি-১৬ ধারা ৫২ এএ এর ক্রমিক নম্বর-৮ অনুযায়ী সার্ভিস চার্জসহ চুক্তির গ্রস এমাউন্টের উপর প্রযোজ্য ২% হারে আয়কর বাবদ কর্তনযোগ্য ৮২,১৩,১০৩/- টাকা। ফলে গ্রস এমাউন্টের উপর আয়কর বাবদ কম কর্তনকৃত (৮২,১৩,১০৩- ৭৫,৩৪,৯৫৭)= ৬,৭৮,১৪৬/- টাকাসহ মোট (৭৫৩৪৯৫৭+৬৭৮১৪৬)= ৮২,১৩,১০৩/- টাকা জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এল,কে,এস,এস  এর নিকট হতে কর্তনযোগ্য। কিন্তু এক্ষেত্রে তা কর্তন না করায় সরকারের ৮২,১৩,১০৩/- টাকা রাজস্ব ক্ষতিসাধন করা হয়েছে।

অপরদিকে প্রকল্প পরিচালক, দেশের দক্ষিণাঞ্চলের আয়রণ ব্রিজ পুনঃনির্মাণ/পুনর্বাসন প্রকল্পের আওতায় এল,কে,এস,এস এর বিল হতে ১১,০৮,০২২/- টাকা কর্তন করা হয়েছে এবং উক্ত অর্থ প্রকল্প তহবিল হতে সরকারি খাতে জমা করা হয়েছে। অর্থাৎ এল,কে,এস,এস  হতে কর্তনকৃত আয়কর সরকারি খাতে প্রকৃতপক্ষে জমা করা হয়নি। গ্রস এমাউন্টের আয়কর পরিপত্র অনুযায়ী আয়কর বাবদ কর্তনযোগ্য ১২,১৮,৮২৪/- টাকা। ফলে গ্রস এমাউন্টের উপর আয়কর বাবদ কম কর্তনকৃত (১২,১৮,৮২৪-১১,০৮,০২২)=১,১০,৮০২/- টাকাসহ মোট (১১০৮০২২+১১০৮০২)= ১২,১৮,৮২৪/- টাকা জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এল,কে,এস,এস  এর নিকট হতে কর্তনযোগ্য। বর্ণিত ০২টি প্রকল্পের বিপরীতে এলকেএসএস এর নিকট হতে কর্তনযোগ্য আয়কর সর্বমোট (৮২,১৩,১০৩+ ১২,১৮,৮২৪)=৯৪,৩১,৯২৭/- টাকা কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতিসাধন করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট ৪ (১-২)]**।

**অনিয়মের কারণ :** আয়কর পরিপত্র ২০১৬-১৭ এর বিধি-১৬ ধারা ৫২ এএ এর ক্রমিক নম্বর-৮ এবং ধারা ৫২এ এর শর্ত লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে বন্যা ও দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন প্রকল্প জানায় যে,বর্ণিত আপত্তির বিপরীতে সংশ্লিষ্ট নথিসমূহ পর্যালোচনাপূর্বক প্রমাণকসহ ব্রডশীট জবাব প্রদান করা হবে। দেশের দক্ষিণাঞ্চলের আয়রণ ব্রিজ পুনঃনির্মাণ/পুনর্বাসন প্রকল্প জবাবে জানায় যে, প্রচলিত আয়কর আইন অনুযায়ী জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে Base Cost এর উপর ভিত্তি করে আয়কর কর্তন করা হচ্ছে বিধায় এতে সরকারের কোন আর্থিক ক্ষতি হয়নি।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, নথিপত্র পর্যালোচনা করেই আপত্তি উত্থাপন করা হয়েছে এবং জবাব অনুযায়ী জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে Base Cost এর উপর ভিত্তি করে আয়কর কর্তন করা হয়নি। আয়কর পরিপত্র অনুযায়ী আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতিসাধন করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তি অনুযায়ী ক্ষতিসাধনকৃত অর্থ এলকেএসএস এর নিকট হতে আদায় পূর্বক তা সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৫**

**শিরোনাম : অস্তিত্ববিহীন সড়ক নির্মাণ দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি ৫,১৪,৮৩,৩০৮/- ( পাঁচ কোটি চৌদ্দ লক্ষ তিরাশি হাজার তিনশত আট) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন প্রকল্প পরিচালক,গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর জেলা) (বিজেপি) এবং নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী জেলা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে অস্তিত্ববিহীন সড়ক নির্মাণ দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে ৫,১৪,৮৩,৩০৮/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে এলজিইডি, ঝালকাঠি কার্যালয়ের ০২টি, পিরোজপুর কার্যালয়ের ০১টি এবং পটুয়াখালী কার্যালয়ের ০৬টি মোট ৯টি স্কিমের কাজের অনুমোদিত প্রাক্কলন, দরপত্র এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত রোড ডাটাবেজ পর্যালোচনায় দেখা যায় যে, ৯টি স্কিমের মধ্যে বিজেপি প্রকল্পের আওতায় পরিশিষ্টের ক্রমিক নং ১ ও ২ এর ক্ষেত্রে একই রোড আইডি নং-৫৪২৪৩৫৪০৯ এবং ক্রমিক নং ৩ এর রোড আইডি নং-৫৭৯১৪৪২২৩ এর বিপরীতে ৩টি প্যাকেজের মাধ্যমে সড়ক নির্মাণের নামে মোট ৪,৪৭,৫৫,৪৪৯/- টাকার প্রাক্কলন অনুমোদনপূর্বক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান এবং ২,৫৬,৮৪,০৯০/- টাকা পরিশোধ দেখানো হয়েছে।

একইভাবে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পটুয়াখালী কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি স্কিমের কাজের নামে অনুমোদিত প্রাক্কলিত মূল্য ৩,৫৭,০২,৭৭৫ টাকা। উক্ত ০৬টি স্কীমের বিপরীতে ঠিকাদার এর সাথে চুক্তি সম্পাদনপূর্বক কার্যাদেশ প্রদান এবং ২,৫৭,৯৯,২১৮/- টাকা পরিশোধ দেখানো হয়েছে। কিন্তু প্রাক্কলন ও পরিশোধ সংক্রান্ত রেকর্ডপত্রে যে রোড আইডি নং উল্লেখ করা হয়েছে উক্ত রোড আইডিগুলো স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত জুন/২০২০ এর রোড ডাটাবেজে নেই। অর্থাৎ অস্তিত্ববিহীন সড়কের ৯টি প্যাকেজের মাধ্যমে সড়ক উন্নয়ন ও ব্রিজ নির্মাণ দেখিয়ে ঠিকাদারকে বিল পরিষদ করায় সরকারের মোট ( ২,৫৬,৮৪,০৯০+ ২,৫৭,৯৯,২১৮)= ৫,১৪,৮৩,৩০৮/- টাকা আর্থিক ক্ষতিসাধন করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট -৫(১-২)]**।

**অনিয়মের কারণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত জুন/২০২০ এর রোড ডাটাবেজ বহির্ভূত সড়কের নামে স্কিম অনুমোদনপূর্বক অর্থ পরিশোধ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে বিজেপি প্রকল্প জানায় যে, ডিপিপি'তে স্কীমগুলি অন্তর্ভুক্ত আছে। পরবর্তীতে পর্যালোচনা করে জবাব প্রদান করা হবে। পটুয়াখালী কার্যালয় জানায় যে, হালনাগাদ রোড ইনভেনটরি সংশোধন করা হচ্ছে সেখানে সকল সড়ক অন্তর্ভুক্ত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, জবাবে স্কীমগুলি ডিপিপি'তে অন্তর্ভুক্ত আছে বলা হলেও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত জুন/২০২০ এর রোড ডাটাবেজে উক্ত রোড আইডিতে কোন সড়কের অস্তিত্ব পাওয়া যায়নি। তাছাড়া রোড ইনভেনটরিতে কোন সড়ক অন্তর্ভুক্ত না থাকলে সে সড়কের নামে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করার বিষয়টি গ্রহণযোগ্য নয়।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** অস্তিত্ববিহীন সড়কের নামে প্রাক্কলন অনুমোদন ও ঠিকাদারকে অর্থ পরিশোধ দেখানোর জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তির অর্থ আদায়যোগ্য।

**অনুচ্ছেদ নং-৬**

**শিরোনাম : আরডিপিপি বহির্ভূত পৌর সড়ক মেরামত ও উন্নয়ন কাজের চুক্তি সম্পাদনপূর্বক অনিয়মিতভাবে অর্থ পরিশোধ ১,৭১,৪৯,৭৭০/- ( এক কোটি একাত্তর লক্ষ উনপঞ্চাশ হাজার সাতশত সত্তর) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, ভোলা জেলা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে আরডিপিপি বহির্ভূত পৌর সড়ক মেরামত ও উন্নয়ন কাজের চুক্তি সম্পাদনপূর্বক অনিয়মিতভাবে অর্থ পরিশোধ করা হয়েছে ১,৭১,৪৯,৭৭০/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে ভোলা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আরডিপিপি,গৃহীত স্কিমসমূহের প্রাক্কলন, দরপত্র অনুমোদন সংক্রান্ত নথি, চুক্তিপত্র ও ঠিকাদারের বিল পর্যালোচনায় দেখা যায় যে, ভোলা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আরডিপিপি'র সংস্থান ছাড়াই ভোলা পৌরসভার আওতাধীন ৩টি সড়ক মেরামত কাজের বিপরীতে ২,০৪,৪২,৮৮৫ টাকায় চুক্তি সম্পাদনপূর্বক ঠিকাদারকে ১,৭১,৪৯,৭৭০/- টাকা পরিশোধ করা হয়েছে। ভোলা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী গ্রামীণ সড়ক উন্নয়ন ও মেরামতযোগ্য। ফলে ৩টি পৌর সড়ক উন্নয়ন ও মেরামত কাজের বিপরীতে ২,০৪,৪২,৮৮৫/- টাকায় চুক্তি সম্পাদনপূর্বক ১,৭১,৪৯,৭৭০/- টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট -৬(১-২)]**।

আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর - ৫৭৪ ও ৫৭৫; তারিখঃ ১৬/০৮/২০১৫ খ্রিঃ এর আইটেম ক্রমিক নম্বর-৩৮ (খ) (গ) মোতাবেক যে সকল সেবা বা সরবরাহ, দ্রব্য/আইটেম সংগ্রহ করা হবে তার নির্দিষ্ট পরিমাণ ও সংখ্যা ডিপিপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে। অর্থাৎ এক্ষেত্রে উক্ত আর্থিক ক্ষমতা লঙ্ঘন করে আরডিপিপির সংস্থান বহির্ভূত কাজের নামে অনিয়মিতভাবে ১,৭১,৪৯,৭৭০/- টাকা পরিশোধ করা হয়েছে।

**অনিয়মের কারণ :** আরডিপিপি এর শর্তসমূহ লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে ভোলা অফিস জানায় যে, সড়কটি আইডিভুক্ত এবং মেরামত কাজ জরুরী হওয়ায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের আলোকে রাস্তাটি মেরামতের জন্য গৃহীত। আরডিপিপি সংশোধনপূর্বক ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, ডিপিপি সংশোধন করে আরডিপিপি করা হয়েছে। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া আরডিপিপি বহির্ভূত সড়ক উন্নয়ন কাজের স্কিম গ্রহণ ও অর্থ পরিশোধ যথাযথ নয়। অপরদিকে মেরামতকৃত ৩টি পৌরসড়ক এলজিইডি'র আইডিভুক্ত কোন সড়ক নয়। তাছাড়া পৌরসড়ক মেরামতের জন্য পৌরসভাকে বরাদ্দ প্রদান করা হয়। আইআরআইডিপি ভোলা শীর্ষক প্রকল্পের মূল উদ্দেশ্যে হলো ভোলা জেলার গ্রামীণ সড়ক ও অবকাঠামো উন্নয়ন। কিন্তু এক্ষেত্রে আরডিপিপি'র সংস্থান বহির্ভূত পৌরসড়ক মেরামত কাজের নামে অনিয়মিতভাবে চুক্তি সম্পাদন ও সে মোতাবেক অনিয়মিতভাবে অর্থ পরিশোধ করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা পর পরবর্তীতে প্রাপ্ত জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, সংশোধিত ডিপিপি বহির্ভুত কাজ বাস্তবায়নের স্বপক্ষে কোন ব্যাখ্যা সম্বলিত প্রমাণক প্রেরণ করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ :** আরডিপিপি'র সংস্থান বহির্ভূতভাবে সড়ক উন্নয়ন কাজ সম্পাদনের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৭**

**শিরোনাম : একই সড়কের একই চেইনেজে দুটি প্রকল্পের মাধ্যমে উন্নয়ন কার্য সম্পাদন দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি ১,৪০,১৩,৪২২/- ( এক কোটি চল্লিশ লক্ষ তেরো হাজার চারশত বাইশ ) টাকা ।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন প্রকল্প পরিচালক, বন্যা ও দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পূর্নবাসন প্রকল্প, আগারগাঁও, ঢাকা এবং নির্বাহী প্রকৌশলী, বরিশাল জেলা কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে একই সড়কের একই চেইনেজে দুটি প্রকল্পের মাধ্যমে উন্নয়ন কার্য সম্পাদন দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে ১,৪০,১৩,৪২২/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে পরিশিষ্টে বর্ণিত বন্যা ও দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পূর্নবাসন প্রকল্পের ০২টি এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল এর ০৪টি মোট ০৬টি স্কিমের প্রাক্কলন, অগ্রগতির প্রতিবেদন, কার্যাদেশ, চুক্তিপত্র ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে,

বন্যা ও দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পূর্নবাসন (এফডিআর) প্রকল্পের আওতায় নরসিংদী জেলার পলাশ উপজেলা হেড-কোয়ার্টার-পন্ডিতপাড়া আর এইচ ডি হতে ঘোড়াশাল জিসি ভায়া রাবান বাজার এন্ড হাইস্কুল সড়কের (চেইনেজ ০০ হতে ২০০০ মিঃ) মেরামত নামে ৭০,৩৫,৭৮৩/- টাকার প্রাক্কলন প্রণয়নপূর্বক ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয় এবং ০১-০১-২০১৯ খ্রিঃ তারিখে কাজ সম্পাদন দেখিয়ে ঠিকাদারকে ৬৬,৮১,২৮২/- টাকা পরিশোধ করা হয়।

আবার আরআরআইডিপি-২ প্রকল্পের আওতায় ঐ একই সড়কে (চেইনেজ ০০ হতে ২০০০ মিঃ) উন্নয়নের জন্য অন্য ঠিকাদারের সাথে ৯৪,০৯,২৩৯/- টাকায় চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি অনুযায়ী কাজটি ১৪/০১/২০১৮ খ্রিঃ তারিখে সম্পাদনপূর্বক ঠিকাদারকে ৯৪,০৮,৩২২/- টাকা পরিশোধ করা হয়। ফলে ১৪/০১/২০১৮ খ্রিঃ তারিখে উন্নয়ন কাজ সমাপ্ত করা সড়কে পুনরায় ০১-০১-২০১৯ খ্রিঃ তারিখে মেরামত দেখানোর জন্য সরকারের ৬৬,৮১,২৮২/- টাকা ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট -৭(১) ]**।

অনুরূপভাবে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন নালুয়া ইউপি অফিস ভায়া কফিলতলা উচ্চ বিদ্যালয় ভূমি অফিস-শিমুলতলা বাজার সড়কের (চেইনেজ ০০ হতে ১৫২২ মিঃ) উন্নয়নের নামে ১,৬৪,২৪,৭১৯/- টাকার প্রাক্কলন প্রণয়নপূর্বক ১৯-০৫-২০২০ খ্রিঃ তারিখে ঠিকাদারের সাথে ১,৩৯,৫৬,৫৩৭/- টাকার চুক্তি সম্পাদন করা হয় (ইউড্রেন ও কালভার্ট বাদে রাস্তার চুক্তিমূল্য ৯৬,৯৯,২০১/- টাকা)।

আবার আইআরডিপি-২ প্রকল্পের আওতায় ঐ একই সড়কের চেইনেজ ১০২৫ হতে ২০০০ মিটার উন্নয়নের জন্য ১৩-১০-২০১৯ খ্রিঃ তারিখে ঠিকাদারের সাথে ৩৮,০৫,১৩৪/- টাকায় চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২০-১২-২০১৯ খ্রিঃ তারিখে সমাপ্ত করা হয় এবং ০৫-০২-২০২০খ্রিঃ তারিখে ঠিকাদারকে ৩৭,৯২,৪০২/- টাকা পরিশোধ করা হয়।

এক্ষেত্রে রাস্তাটির উন্নয়ন কাজ ২০-১২-২০১৯ খ্রিঃ তারিখে শেষ হওয়ার পর পুনরায় চেইনেজ অর্থাৎ ১০২৫ হতে ১৫২২ মিটারে (৪৯৭মিটার) অন্য প্রকল্পের মাধ্যমে উন্নয়নের জন্য অন্য ঠিকাদারের সাথে ১৯-০৫-২০২০ খ্রিঃ তারিখে চুক্তি সম্পাদন দেখানোর জন্য সরকারের (৯৬,৯৯,২০১÷১৫২২)×৪৯৭}= ৩১,৬৭,২১৬/- টাকা ক্ষতিসাধন করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট -৭(২) ]**।

অন্যদিকে বিজেপি প্রকল্পের আওতায় ঐ একই উপজেলাধীন হোলতা ইউপি অফিস (বাজার ব্রীজ) হতে ডিকেপি হাট (বলাইকাঠি কালিতারা জিপিএস) ভায়া মকিমাবাদ বাজার, ধানসিড়ি বড় সিকদার বাড়ী এবং বলাইকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয় সড়কের (চেইনেজ ৪৬২৫ হতে ৬১২৫ মিঃ) উন্নয়নের নামে ঠিকাদারের সাথে ২৪-০২-২০২০ খ্রিঃ তারিখে ৯৯,৯৫,৮১৮/- টাকার চুক্তি সম্পাদন করা হয়।

উল্লেখ্য পূর্বেই আইআরআইডিপি-২ প্রকল্পের আওতায় ঐ একই সড়কের চেইনেজ ৪৬২৫ হতে ৫২৫০ মিঃ (৬২৫মিঃ) ২০-০৯-২০১৭ খ্রিঃ তারিখে অন্য ঠিকাদারের সাথে ২৭,২২,০১৩/- টাকায় চুক্তির মাধ্যমে ১৯-০৪-২০১৮ খ্রিঃ তারিখে সম্পাদনপূর্বক ২৭,১৮,৮৯১/- টাকা পরিশোধ করা হয়। ফলে পূর্বেই উন্নয়নকৃত ৬২৫ মিটার পুনরায় কাজ সম্পাদন

দেখিয়ে {(৯৯,৯৫,৮১÷১৫০০)×৬২৫}= ৪১,৬৪,৯২৪/- টাকা সরকারের ক্ষতিসাধন করা হয়েছে। **[বিস্তারিত পরিশিষ্ট -৭(৩) ]**।

আরও উল্লেখ্য পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা জুন ২০১০ এর আইটেম নম্বর ৪.০ অনুযায়ী সময়ান্তর রক্ষণাবেক্ষণের আওতায় সারফেস ড্রেসিং কাজের ক্ষেত্রে তিন থেকে পাঁচ বছর এবং ওভারলে এর ক্ষেত্রে আট থেকে দশ বছর পর মেরামত/উন্নয়নের সময় নির্ধারণ করা হয়েছে। কিন্তু এ দু'টি ক্ষেত্রে উক্ত নির্দেশিকা লঙ্ঘন করে একই সড়কের একই চেইনেজে দ্বৈত কাজ সম্পাদনের নামে সরকারের মোট (৬৬,৮১,২৮২+৩১,৬৭,২১৬ + ৪১,৬৪,৯২৪)= ১,৪০,১৩,৪২২/- টাকা আর্থিক ক্ষতিসাধন করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট -৭(১-৩) ]**।

**অনিয়মের কারণ :** প্রাক্কলন ও ডিপিপিতে বর্ণিত প্রত্যয়ন এর ব্যত্যয় ঘটিয়ে সড়কের একই স্থানে দ্বৈত কার্যসম্পাদন দেখানো এবং পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা জুন ২০১০ এর আইটেম নম্বর ৪.০ শর্ত লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে জানানো হয় যে, নথিপত্র পর্যালোচনা করে পরবর্তীতে বিস্তারিত প্রতিবেদন দাখিল করা হবে। ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করার পর ০২/০২/২০২২ খ্রিঃ তারিখে প্রাপ্ত জবাবে উল্লেখ করা হয় যে, রোড আইডি নং-৫০৬০৭৩০৪৮ এর চেইনেজ ০০ হতে ১৫২২ মিটারে ভুলবশতঃ প্রাক্কলন অনুমোদন ও চুক্তি সম্পাদন করা হয়েছিল। কিন্তু বাস্তবতার আলোকে সড়কের চেইনেজ হবে ০০ হতে ১০২৫ মিটার এবং সে মোতাবেক সংশোধিত প্রাক্কলন ও চুক্তি সম্পাদন করা হয়েছে। রোড আইডি নং-৫০৬০৭৩০৩৫ এর চেইনেজ ৪৬২৫ হতে ৬১২৫ মিটারে ভুলবশতঃ প্রাক্কলন অনুমোদন ও চুক্তি সম্পাদন করা হয়েছিল। কিন্তু বাস্তবতার আলোকে সড়কের চেইনেজ হবে ৬৭৫০ হতে ৮২৫০ মিটার এবং সে মোতাবেক সংশোধিত প্রাক্কলন ও চুক্তি সম্পাদন করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, নথিপত্র পর্যালোচনা করেই আপত্তিটি উপস্থাপন করা হয়েছে। এক্ষেত্রে সড়কের একই চেইনেজে ০২টি প্রকল্পের মাধ্যমে উন্নয়ন কাজ সম্পন্ন হওয়ার ০৫ মাস ও ১৩ মাস পর অপর ০২টি প্রকল্পের মাধ্যমে একই চেইনেজে পুনরায় উন্নয়নের নামে চুক্তিপত্র সম্পাদন, কার্যাদেশ প্রদান ও সে মোতাবেক অর্থ পরিশোধের মাধ্যমে সরকারের ১,৪০,১৩,৪২২/- টাকা আর্থিক ক্ষতিসাধন করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করার পর বন্যা ও দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পূর্নবাসন প্রকল্প হতে কোন জবাব পাওয়া যায়নি। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল হতে পরবর্তীতে প্রাপ্ত জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ ১ম ক্ষেত্রে সংশোধিত চেইনেজ অনুযায়ী ১০২৫ মিটার সড়ক উন্নয়নের চুক্তিমূল্য ১৩৯.৫৬ লক্ষ টাকা, যা ইতোপূর্বে ১৫২২ মিটার সড়ক উন্নয়নের সমান চুক্তি মূল্য ১৩৯.৫৬ লক্ষ টাকা দেখানোর মাধ্যমে উহা সমন্বয় করা হয়েছে যা অবাস্তব। তাছাড়া আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ৩০২০ মিটার সড়ক উন্নয়নে সংস্থানকৃত অর্থ ১৬৪.২৪ লক্ষ টাকা। অথচ এক্ষেত্রে সংস্থানকৃত ৩০২০ মিটারের মধ্যে মাত্র ১০২৫ মিটার সড়ক উন্নয়নে ১৩৯.৫৬ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। ২য় ক্ষেত্রে এলজিইডি কর্তৃক প্রকাশিত জুন/২০২১ এর রোড ডাটাবেজ অনুযায়ী সংশ্লিষ্ট রোডের প্রকৃত চেইনেজ ০০ হতে ৬৬০০ মিটার। অর্থাৎ এক্ষেত্রে জবাব অনুযায়ী প্রমাণিত হয় যে, বর্ণিত রোডের সংশোধিত চেইনেজের কোন অস্তিত্ব নেই। তাছাড়া সংশোধিত চেইনেজের কাজ আরডিপিপিতেও সংস্থান রাখা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ :** সরকারি অর্থের ক্ষতিসাধন করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে ক্ষতিসাধনকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৮**

**শিরোনাম : আরডিপিপির প্রভিশনের অতিরিক্ত কার্য সম্পাদন ও অর্থ পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১১,৪৯,৬৮,৫৭৮ (এগার কোটি উনপঞ্চাশ লক্ষ আটষট্টি হাজার পাঁচশত আটাত্তর) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন প্রকল্প পরিচালক, বৃহত্তর কুমিল্লা জেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়) (১ম সংশোধিত) ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি খাগড়াছড়ি কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে আরডিপিপির প্রভিশনের অতিরিক্ত কার্য সম্পাদন ও অর্থ পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ১১,৪৯,৬৮,৫৭৮/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে অনুমোদিত আরডিপিপি, প্রাক্কলন ও ভৌত কাজের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন শাহপুর মাজার শরীফ (গোলাবাড়ী জিরোপিয়েন্ট) – কংশনগর জিসি ভায়া পালপাড়া সড়ক (সদর অংশ) প্রসস্থকরণ ও পূণর্বাসন কাজ ও কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন নন্দীর বাজার-পাঁচথুরী ইউপি-সূবর্ণপুর বাজার- গোলাবাড়ী সড়ক প্রসস্থকরণ ও মেরামত কাজের বিপরীতে ঠিকাদারের সাথে যথাক্রমে ৬,৭৫,৩৪,৮৪৭/- টাকা ও ৩,২০,৪৩,২৯৩/- টাকার চুক্তি সম্পাদন করা হয়। সংশোধিত ডিপিপি অনুযায়ী উল্লিখিত রাস্তা দুটির বিপরীতে যথাক্রমে ২,০০,০০,০০০/- ও ১,০৭,০০,০০০/- টাকার সংস্থান আছে। ফলে সংশোধিত ডিপিপি অপেক্ষা দুটি কাজে অতিরিক্ত ৪,৭৫,৩৪,৮৪৭/- ও ২,১৩,৪৩,২৯৩/- টাকা মোট ৬,৮৮,৭৮,১৪০/- টাকার চুক্তি সম্পাদন করা হয়েছে।

অপরদিকে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি এর মাধ্যমে বাস্তবায়নাধীন পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ পার্বত্য চট্টগ্রাম-২য় পর্যায় (১ম সংশোধিত) এর আওতায় খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলা রোড আইডি নং ৪৪৬৬৫২০০৩ তে মহালছড়ি জিসি- লংগদু জিসি রোডের ০০.০০ চিইনেজে ৯৬ মিঃ পিএসসি গার্ডার ব্রিজ নির্মাণ করা হয়েছে। আরডিপিপি অনুযায়ী উক্ত সড়কে ১০০মিঃ স্টীল ব্রীজ নির্মাণের প্রভিশন আছে। কিন্তু কাজের ধরণ পরিবর্তন করার জন্য ৪ মিটার কম ব্রিজ নির্মাণ করা হলেও কাজের বিপরীতে আরডিপিপিতে প্রদর্শিত অর্থের চেয়ে ৪,৬০,৯০,৪৩৮/- টাকা বেশী ব্যয় করা হয়েছে। ফলে আরডিপিপি অপেক্ষা উল্লিখিত দুটি ক্ষেত্রে মোট (৬,৮৮,৭৮,১৪০+৪,৬০,৯০,৪৩৮)=১১,৪৯,৬৮,৫৭৮/- টাকা অতিরিক্ত ব্যায় করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৮ (১-২)]** ।

**অনিয়মের কারণ :** আরডিপিপির লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে জানানো হয় যে, সংশ্লিষ্ট কাজের নথি পর্যালোচনা করে পরবর্তীতে অডিট অফিসকে অবহিত করা হবে। ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করার পর ২৩/১২/২০২১ খ্রিঃ তারিখে প্রাপ্ত জবাবে এলজিইডি, খাগড়াছড়ি কর্তৃক উল্লেখ করা হয় যে, বাস্তবতার আলোকে অনুমোদিত প্রাক্কলনের ভিত্তিতে কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প পরিচালক, বৃহত্তর কুমিল্লা জেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়) উল্লেখ করা হয় যে, পরিশিষ্টের ১ ও ২ নং ক্রমিকের স্কীম দুটি সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত আছে এবং সে মোতাবেক কাজ বাস্তবায়ন করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, নথিপত্র পর্যালোচনা করেই আপত্তি উত্থাপন করা হয়েছে। তাছাড়া প্রকল্পে অর্থ সংস্থান থাকলেও প্রকল্পের অনুমোদিত স্কিমের অতিরিক্ত কার্যসম্পাদন ও অর্থ ব্যয় করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধা--সরকারি পত্র প্রেরণ করা পর পরবর্তীতে প্রাপ্ত জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, খাগড়াছড়ি অংশের আপত্তি আরডিপিপি লঙ্ঘন সংক্রান্ত হলেও তার কোন জবাব দেয়া হয়নি। বৃহত্তর কুমিল্লার অংশের জবাবের সাথে প্রমাণক হিসেবে প্রেরিত আরডিপিপি'র পৃষ্ঠাগুলোতে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের সপক্ষে কোন কর্মকর্তার স্বাক্ষর নেই।

**নিরীক্ষার সুপারিশ :** আরডিপিপি লংঘনের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিতে উল্লিখিত টাকা আদায়করতঃ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৯**

**শিরোনাম :** ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ৫০, **৪১,৯৭৫/-** (পঞ্চাশ লক্ষ **একচল্লিশ** হাজর **??**শত **পঁচাত্তর**) টাকা।

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরর (এলজিইডি) এর অধীন প্রকল্প পরিচালক, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়, নির্বাহী প্রকৌশলী ময়মনসিংহ ও সুনামগঞ্জ কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে ৫০, ৪১,৯৭৫/- টাকা ।

বিস্তারিত নিরীক্ষাকালে প্রকল্পের ডিপিপি, পূর্ত কাজের প্রাক্কলন, কার্যাদেশ এবং টেন্ডার সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, ডিপিপিতে ক্রয় পরিকল্পনায় ক্রয় পদ্ধতি হিসাবে OTM পদ্ধতির উল্লেখ থাকলেও OSTETM পদ্ধতিতে অস্বাভাবিক উর্ধ্বদর গ্রহণ করা হয়েছে।

পিপিআর ২০০৮ এর বিধি ৬১ উপবিধি ১ এ বলা হয়েছে যে, "বিশেষ পরিস্থিতিতে নির্দিষ্ট কোন ক্রয়ের ক্ষেত্রে অথবা মূল্য-সীমার পরিপ্রেক্ষিতে অন্যান্য ক্রয় পদ্ধতির কোন একটি ব্যবহার অধিকতর যুক্তিযুক্ত না হলে, পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে অগ্রে বিবেচ্য পদ্ধতি হিসাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে হবে "। অন্যদিকে পিপিআর-২০০৮ এর বিধি ৬৮ (ক) উপবিধি ১ এ বলা হয়েছে যে, "টার্ন-কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির (যথা-প্রক্রিয়াকরণ স্থাপনা সরবরাহ, স্থাপন ও চালুকরন বা বৃহদাকার কার্য বা যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত চুক্তি ইত্যাদি) ক্ষেত্রে পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ, কার্যের হিসাব সম্বলিত বিবরণ বা আবশ্যকীয় পণ্যের সরবরাহ সম্বলিত বিবরণ, ডিজাইন ইত্যাদিসহ পূর্ণাঙ্গ দরপত্র দলিল প্রণয়ন করিতে ক্রয়কারি সক্ষম হইলে, তিনি ধারা ৩২ এর উপর উপ-ধারা (১) এর দফা (গ) এর বিধান অনুসারে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে পারবেন''। আলোচ্য ক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত কাজগুলো টার্ন-কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির কাজ না হওয়ার সত্ত্বেও পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘন করে OSTETM পদ্ধতিতে দরপত্র আহবান করে প্রাক্কলিত দরের চেয়ে যথাক্রমে এলজিইডি, ময়মনসিংহ এর প্যাকেজ নং- ইউএনআর -৪২ এ ২৪.৩৫%, এলজিইডি, সুনামগঞ্জ এর প্যাকেজ নং-ডব্লিউ-০৫ এ ১৯.৮০৬% ও প্রকল্প পরিচালক, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-(২য় পর্যায়) এর প্যাকেজ নং-RDRIIP-২/ W-VRA-২৩২ এ ১৯.৫৮% উর্ধ্বদরে দরপত্র গ্রহণ/চুক্তি সম্পাদন করা হয়েছে। বর্ণিত দরপত্রগুলো OSTETM পদ্ধতিতে না করে OTM পদ্ধতিতে আহবান করা হলে পিপিএ ২০০৬ এর ধারা ৩১ এর উপধারা (৩) অনুযায়ী প্রাক্কলিত দরের চেয়ে ১০% বেশী মূল্যের জন্য দরপত্র বাতিল হয়ে যেতো।

অনিয়মিতভাবে OSTETM পদ্ধতিতে দরপত্র আহবান করে প্রাক্কলিত দর অপেক্ষা ১০% অধিক মূল্যের দর গ্রহণ করায় নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহে ২০,৯৯,৩৬২/- টাকা এবং সুনামগঞ্জে ১৭,৮৪,৯১৪/- টাকা এবং প্রকল্প পরিচালক, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় এ ১১,৫৭,৯৯৩/- টাকা অর্থ্যৎ মোট (২০,৯৮,৮৫৩+ ১৭,৮৪,৯১৪+১১,৫৮,২০৮)=**৫০,৪১,৯৭৫/-** টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৯** (১-৩)**]**।

**অনিয়মের কারণ :** পিপিআর-২০০৮ এর বিধি ৬১ উপবিধি (১) ও বিধি ৬৮ (ক) উপবিধি (১) এবং ডিপিপি'র লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ ও সুনামগঞ্জ জানায় যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডার আহবান করে সর্বনিম্ন দরদাতাকে নির্বাচন পূর্বক চুক্তি সম্পাদন কাজ ও বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প পরিচালক, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়: OSTETM পদ্ধতিতে ১০% এর অধিক /কম প্রাক্কলন অনুমোদনের কথা বলা নেই।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, বর্ণিত কাজগুলো টার্ন কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট না হওয়া সত্ত্বেও পিপিএ ২০০৬ এর ধারা ৩১ এর উপধারা (৩) এ ১০% এর অধিক দরপত্র গ্রহণ না করার বাধ্যবাধকতা এড়ানোর উদ্দেশ্যেই ডিপিপি লঙ্ঘন পূর্বক OTM পদ্ধতির পরিবর্তে OSTETM পদ্ধতিতে আহবান করে দরপত্র অনুমোদন/চুক্তি সম্পাদন ও কাজ বাস্তবায়ন করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** অনিয়মের জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১০**

**শিরোনাম : তামাদি এড়ানোর উদ্দেশ্যে অতিরিক্ত রিটেনশনমানি কর্তনপূর্বক পরবর্তী অর্থবছরে অনিয়মিতভাবে পরিশোধ ?,??,??,???/- ( দুই কোটি) টাকা ?**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর অধীন নির্বাহী প্রকৌশলী, গাজীপুর কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে তামাদি এড়ানোর উদ্দেশ্যে অতিরিক্ত রিটেনশনমানি কর্তনপূর্বক পরবর্তী অর্থবছরে অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে ২,০০,০০,০০০/- টাকা ।

বিস্তারিত নিরীক্ষাকালে বিভিন্ন কাজের প্রাক্কলন,কার্যাদেশ এবং ঠিকাদারের বিল পর্যালোচনায় দেখা যায় যে, রাজেন্দ্রপুর বাজার-মাত্রা প্রালাদপুর ভিপিসি সড়ক (চেইনেজ ০০ হতে ১০২৩), শ্রীপুর, গাজীপুর, প্যাকেজ নং-FDR/১৭-১৮/UNR/W-০২ এর অধীন কাজ উন্নয়নের জন্য মেসার্স আমজাদ ট্রেডার্সকে কার্যাদেশ প্রদানপূর্বক ৬,৮৭,২৮,২৪৬/- টাকার চুক্তি করা হয়। কাজটি শুরু ০৪-০৪-২০১৯ খ্রিঃ তারিখে এবং কাজটি শেষের নির্ধারিত তারিখ ০৩-১০-১৯ খ্রিঃ। ২য় চলতি বিলে জুন মাসের শেষে (২৪/০৬/২০১৯) ৩,৬২,৫১,১৭৪/- টাকা পরিশোধ দেখিয়ে উক্ত বিল হতে ৬০.১৭% হারে ২,১৮,১২,৫৫৯/- টাকার জামানত কর্তন করা হয়। কিন্তু বিধি-২৮(১), পিপিআর, ২০০৮ অনুসারে এক্ষেত্রে প্রকৃতপক্ষে ৫% হারে ১৮,১২,৫৫৯/- টাকা জামানত কর্তনযোগ্য ছিল। ফলে (২,১৮,১২,৫৫৯-১৮,১২,৫৫৯)= ২,০০,০০,০০০/- টাকা অতিরিক্ত জামানত কর্তন করা হয়। পরবর্তীতে বিভিন্ন তারিখে (৩০/০৭/২০১৯ এবং ০৭/১১/২০১৯ তারিখে) উক্ত জামানত ফেরত প্রদান করা হয়েছে।

উল্লেখ্য যে,, বিধি ২৮(২) ও (৩) অনুযায়ী সমুদয় কার্য সমাপ্তির পর রক্ষিত মোট অর্থের ৫০% ঠিকাদারকে পরিশোধ করা যাবে এবং অবশিষ্ট অর্থ বাবদ ঠিকাদার শর্তহীন ব্যাংক গ্যারান্টি প্রদান করলে উক্ত অর্থও ঠিকাদারকে পরিশোধ করা যাবে। অন্যথায় ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদ জারির ২৮ দিনের মধ্যে ফেরৎ দেয়া যাবে। এক্ষেত্রে কাজ সমাপ্তির পূর্বেই ৩০-০৭-২০১৯ খ্রিঃ তারিখে ৬০,০০,০০০/- টাকা এবং কাজ সমাপ্তির তারিখের ০১ মাস পরেই ০৭-১১-২০১৯ খ্রিঃ তারিখে ১,৪০,০০,০০০/- টাকা পিপিআর এর উক্ত বিধি লঙ্ঘন করে ঠিকাদারকে ফেরৎ দেয়া হয়েছে।

এতে প্রতীয়মান যে জুন মাসে বরাদ্দের তামাদি এড়ানোর উদ্দেশ্যেই অতিরিক্ত বিল পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের আদেশ নং-অম/অবি/বা-১/বিবিধ (২৫)/২০০২/১৬৫৮, তারিখ ১৫/০৬/২০০২ খ্রিঃ অনুযায়ী অনিয়মিত পন্থায় বাজেটে বরাদ্দকৃত অর্থ কোন ক্রমেই প্রজাতন্ত্রের সরকারি হিসাবে স্থানান্তর করা যাবে না। এক্ষেত্রে উল্লিখিত বিধি অনুসরণ না করে তামাদি এড়ানোর উদ্দেশ্যে প্রকৃত কাজ অপেক্ষা অধিক কাজের বিল পরিশোধের বিপরীতে অতিরিক্ত জামানত কর্তনপূর্বক পরবর্তী অর্থবছরে অনিয়মিতভাবে ২,০০,০০,০০০/- টাকা পরিশোধ করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট -১০** ]।

**অনিয়মের কারণ :** অর্থ বিভাগের আদেশ নং-অম/অবি/বা-১/বিবিধ (২৫)/২০০২/১৬৫৮, তারিখ-১৫/০৬/২০০২ এবং বিধি ২৮(২), পিপিআর-২০০৮ এর লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে জানানো হয় যে, জুন মাসের শেষ সপ্তাহে পরিশোধ করায় উক্ত সময়ে সরেজমিনে বাস্তবায়িত কাজটি পরিদর্শন করা সম্ভব হয়নি বিধায় অতিরিক্ত জামানত কর্তন করে সরকারি কোষাগারে জমা রাখা হয়। পরবর্তীতে পরিদর্শন করে অতিরিক্ত জামানত ফেরত প্রদান করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, তামাদি এড়ানোর উদ্দেশ্যেই অনিয়মিত পন্থায় বাজেটে বরাদ্দকৃত অর্থ সরকারি হিসাবে স্থানান্তর করা হয়েছে যা একটি গুরুতর আর্থিক অনিয়ম।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** এ অনিয়মের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১১**

**শিরোনাম : বিটুমিনাস কার্পেটিং রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে প্রাক্কলন প্রস্তুত, অনুমোদন এবং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৬১,৬৯,২৭৪/- (এক কোটি একষট্টি লক্ষ উনসত্তর হাজার দুইশত চুয়াত্তর) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতাধীন নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে বিটুমিনাস কার্পেটিং রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে প্রাক্কলন প্রস্তুত, অনুমোদন এবং বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ১,৬১,৬৯,২৭৪/- টাকা।

বিস্তারিত নিরীক্ষাকালে হাজরানিয়া হাট আর এইচ ডি হতে চামটেরহাট জিসি রোড উন্নয়ন কাজের প্রাক্কলন, কার্যাদেশ, চুক্তিপত্র ও বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, রাস্তাটির চেইনেজ ০০ মিটার থেকে ৪৪১০ মিটার পর্যন্ত মোট ৪৪১০ মিটার রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে উন্নয়নের জন্য প্রাক্কলন প্রস্তুত, অনুমোদন এবং বিল পরিশোধ করা হয়েছে।

Road Structure Database Management System এর ২০১৯ এ প্রকাশিত RSDMS viii রোড ইনভেন্টরী অনুযায়ী উক্ত রাস্তার চেইনেজ ০০ মিটার থেকে ১৯৫৬ মিটার পর্যন্ত মোট ১৯৫৬ মিটার বিটুমিনাস কার্পেটিং রাস্তা বিদ্যমান। উল্লিখিত রাস্তা ২০০৪-২০০৫ অর্থবছরে সময়ান্তর মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের আওতায় ২৫ মি.মি. সিলকোট দ্বারা Overly করা হয়েছে। এক্ষেত্রে উক্ত ১৯৫৬ মিটার (০০ মিটার থেকে ১৯৫৬ মিটার) বিসি (বিটুমিনাস কার্পেটিং) রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে উন্নয়নের জন্য প্রাক্কলন প্রস্তুত, অনুমোদন এবং ঠিকাদারকে ১,৬১,৬৯,২৭৪/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। ফলে সম্পুর্ণ পাকা রাস্তাকে কাঁচা রাস্তা হিসেবে দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের ১,৬১,৬৯,২৭৪/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট -১১]**।

**অনিয়মের কারণ :** বিটুমিনাস কার্পেটিং রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে রাস্তার উন্নয়ন দেখানো হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন প্রদত্ত জবাবে জানানো হয় যে, নথিপত্র যাচাইয়ান্তে পরবর্তীতে অডিট অফিসকে অবহিত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য :** অডিটি প্রতিষ্ঠানের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, বিটুমিনাস কার্পেটিং রাস্তাকে মাটির রাস্তা দেখিয়ে উন্নয়ন কাজ গ্রহণযোগ্য নয়।

উল্লিখিত বিষয়ে গত ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তিকৃত টাকা দায়ি ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১২**

**শিরোনাম : কাজ সম্পাদন ব্যতীত কালভার্ট ও ব্রিজ এর সংযোগ সড়ক মেরামতের নামে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি ৩,৯৩,৪৮,০৭৭/- (তিন কোটি তিরানব্বই লক্ষ আটচল্লিশ হাজার সাতাত্তর) টাকা।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতাধীন নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরে কাজ সম্পাদন ব্যতীত কালভার্ট ও ব্রিজ এর সংযোগ সড়ক মেরামতের নামে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৩,৯৩,৪৮,০৭৭/- টাকা

